



“জরুরী কোটেশন নোটিশ”

মেসার্স.....

নিম্নে বর্ণিত কাজগুলির জন্য “Request for Quotation Method-এ” অনুরূপ কাজের অভিজ্ঞতা সম্পন্ন ঠিকাদারদের নিকট হইতে সীলমোহরকৃত কোটেশন আহ্বান করা যাইতেছে। কোটেশন সমূহ আগামী ৩০/০৫/২০২৪ তারিখ দুপুর ১২.০০টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর অফিসে রক্ষিত টেন্ডার ব্যঞ্জে জমা দিতে হইবে এবং ঐদিনই দুপুর ১২.৪৫ মিঃ সময় কোটেশন দাতাদের মধ্যে যদি কেহ উপস্থিত থাকিতে চাহেন তাহাদের সন্মুখে Tender Opening Committee কর্তৃক খোলা হইবে। অগ্রহী ঠিকাদারগণ কোটেশনের দিন ছাড়া সকল কার্য দিবসে প্রধান প্রকৌশলীর অফিস হইতে সিডিউল, নোটিশ ও শর্তাবলী ইত্যাদি (অফিস চলাকালীন সময়ে) সংগ্রহ করিতে পারিবেন। কাজের পূর্ণ বিবরণ নিম্নে দেওয়া হইল।

ক্রঃ নং	কাজের নাম	কাজ সম্পাদনের সময় সীমা
ক)	ঢাকা বিশ্ববিদ্যালয়ের রোকেয়া হলের চামেলী ভবনের পিছনের স্যুয়ারেজ লাইন ও পিট মেরামত করণ কাজ।	৩০ দিন
খ)	ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলের অক্টোবর স্মৃতি ভবনের পূর্ব ব্লকের মাটির নীচে অকেজো ৩" (ইঞ্চি) পানি সরবরাহ পাইপ ফিটিংস সহ মেরামত এবং পশ্চিম ব্লকের ওভারহেড ট্যাংক মেরামতসহ ২" (ইঞ্চি) পানি সরবরাহ পাইপ ও ডেলিভারী পাইপ লাইন পরিবর্তন করণ কাজ।	৩০ দিন

ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানকে আপ-টু-ডেট ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, আপ-টু-ডেট আয়কর পরিশোধের সার্টিফিকেট, আপ-টু-ডেট ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি নরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন বা উহার অংশ বিশেষ বাতিল বা গ্রহণ করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সংরক্ষিত থাকিবে এবং কর্তৃপক্ষের রায়ই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। কোটেশনে অংশ গ্রহণকারী ঠিকাদারকে খামের উপর “কোটেশন” কথাটি লিখিয়া কাজের নাম ও তাহাদের ফার্মের নাম স্পষ্টাক্ষরে লিখিতে হইবে।

28/05/24

(মোঃ আনিছুর রহমান)
নির্বাহী প্রকৌশলী (জোন-২)
ঢাকা বিশ্ববিদ্যালয়।

মোমো নং: ৭০৯(৯) / প্রকৌঃ

তারিখ: ২৭/০৫/২০২৪ বঙ্গাব্দ
২৭/০৫/২০২৪ খ্রিষ্টাব্দ

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হইল :-

১. প্রভোস্ট, রোকেয়া হল, ঢাঃ বিঃ।
২. প্রভোস্ট, জগন্নাথ হল, ঢাঃ বিঃ।
৩. প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর অফিস, ঢাঃ বিঃ - উপরে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন খোলার জন্য আপনার অফিস কক্ষে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হইল।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সার্কেল-১), ঢাঃ বিঃ।
৫. পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাঃ বিঃ - ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হইল।
৬. ডেপুটি রেজিস্ট্রার, কোষাধ্যক্ষের অফিস, ঢাঃ বিঃ। - উপরে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন খোলার সময় প্রধান প্রকৌশলীর অফিস কক্ষে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হইল।
৭. উপ-রেজিস্ট্রার, রেজিস্ট্রারের অফিস, ঢাঃ বিঃ।
৮. ডেপুটি রেজিস্ট্রার, কোষাধ্যক্ষের অফিস, ঢাঃ বিঃ। -মাননীয় কোষাধ্যক্ষের সদয় অবগতির জন্য।
৯. নোটিশ বোর্ড, প্রকৌশল দপ্তর, ঢাঃ বিঃ - নোটিশ বোর্ড দেওয়ার জন্য অনুরোধ করা হইল।

28/05/24

(মোঃ আনিছুর রহমান)
নির্বাহী প্রকৌশলী (জোন-২)
ঢাকা বিশ্ববিদ্যালয়

28/05/24